

# **া** সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৭৩৪৭

৯৬/ কুরআন ও সুন্নাহকে শক্তভাবে ধরে থাকা (كتاب الاعتصام بالكتاب والسنة)

পরিচ্ছেদঃ ৯৬/১৮. আল্লাহর বাণীঃ মানুষ অধিকাংশ বিষয়েই বিতর্কপ্রিয়। (সূরা আল-কাহাফ ১৮/৫৪) মহান আল্লাহর বাণীঃ তোমরা কিতাবধারীদের সঙ্গে বিতর্ক করো না....। (সূরাহ আল-'আনকাবৃত ২৯/৪৬)

بَابِ قَوْلِهِ تَعَالَى: {وَكَانَ الْإِنْسَانُ أَكْثَرَ شَيْءٍ جَدَلاً} وَقَوْلِهِ تَعَالَى: {وَلاَ تُجَادِلُوا أَهْلَ الْكِتَابِ إِلاَّ بِالَّتِي هِيَ أَحْسَنُ}

### আরবী

أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ ح حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ سَلَامٍ أَخْبَرَنَا عَتَّابُ بْنُ بَشِيرٍ عَنْ إِسْحَاقَ عَنْ الزُّهْرِيِّ أَخْبَرَنِي عَلِيُّ بْنُ حُسَيْنٍ أَنَّ حُسَيْنَ بْنَ عَلِيٍّ أَخْبَرَهُ أَنَّ عَلِيَّ بْنُ عَلِي إِنَّ حُسَيْنَ بْنَ عَلِي إِنَّ مَسُولَ اللهِ صلى الله عليه وسلم طَرَقَهُ وَفَاطِمَةَ عَلَيْهَا السَّلَام بِنْتَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ لَهُمْ أَلاَ تُصَلُّونَ فَقَالَ عَلِيٌّ فَقُلْتُ يَا رَسُولَ اللهِ إِنَّمَا أَنْفُسُنَا بِيَدِ اللهِ فَإِذَا شَاءَ أَنْ يَبْعَثَنَا بَعَثَنَا فَانْصَرَفَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَبُونَ وَهُو مُدْبِرٌ يَضْرِبُ فَخِذَهُ وَهُو يَقُولُ حِينَ قَالَ لَهُ مُ اللهِ عَلَيه وَهُو مُدْبِرٌ يَضْرِبُ فَخِذَهُ وَهُو يَقُولُ حِينَ قَالَ لَهُ ذَلِكَ وَلَمْ يَرْجِعْ إِلَيْهِ شَيْئًا ثُمَّ سَمِعَهُ وَهُو مُدْبِرٌ يَضْرِبُ فَخِذَهُ وَهُو يَقُولُ حِينَ قَالَ لَهُ نَلِكُ وَلَمْ مَا أَتَاكَ لَيْلاً فَهُو طَارِقٌ وَيُقَالُ الطَّارِقُ النَّاقِبُ الْمُضِيءُ يُقَالُ أَبُو عَبْد اللهِ يُقَالُ مَا أَتَاكَ لَيْلاً فَهُو طَارِقٌ وَيُقَالُ الطَّارِقُ النَّاقِبُ الْمُضِيءُ يُقَالُ أَنْفِ اللهِ يُقَالُ مَا أَتَاكَ لَيْلاً فَهُو طَارِقٌ وَيُقَالُ الطَّارِقُ النَّوْبُ النَّاقِبُ الْمُضِيءُ يُقَالُ أَتْقِبْ نَارَكَ لِلْمُوقِدِ

#### বাংলা

৭৩৪৭. 'আলী ইবনু আবূ তালিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর এবং রাসূলের মেয়ে ফাতিমাহ (রাঃ)-এর নিকট আসলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে জিজ্ঞেস করলেন, তোমরা সালাত পড়েছ কি? 'আলী (রাঃ) বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমাদের জীবন তো আল্লাহর হাতে। তিনি আমাদেরকে যখন জাগাতে চান, জাগিয়ে দেন। এ কথা বলার সঙ্গে সঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম চলে গেলেন, তার কথার জবাব দিলেন না। 'আলী (রাঃ) বলেন, আমি শুনতে পেলাম, তিনি চলে যাচ্ছেন, আর উরুতে হাত মেরে মেরে বলছেনঃ মানুষ অধিকাংশ বিষয়েই বিতর্কপ্রিয়। আবূ 'আবদুল্লাহ্ (বুখারী) (রহ.) বলেন, তোমার কাছে রাতের বেলা আগমনকারী আসে তাকে 'তারিক' বা রাতের অতিথি বলে। 'তারিক' একটি তারাকেও বলা হয়। আর 'সাক্রিব' অর্থ হল জ্যোতির্ময়। এজন্যই আগুন যে জ্বালায় তাকে বলা হয়, তুমি আগুন জ্বালাও।[1] [১১২৭] (আধুনিক প্রকাশনী- ৬৮৩৪, ইসলামিক



ফাউন্ডেশন- ৬৮৪৬)

## **English**

#### Narrated `Ali bin Abi Talib:

That Allah's Messenger (ﷺ) came to him and Fatima the daughter of Allah's Messenger (ﷺ) at their house at night and said, "Won't you pray?" `Ali replied, "O Allah's Messenger (ﷺ)! Our souls are in the Hands of Allah and when he wants us to get up, He makes us get up." When `Ali said that to him, Allah's Messenger (ﷺ) left without saying anything to him. While the Prophet (ﷺ) was leaving, `Ali heard him striking his thigh (with his hand) and saying, "But man is quarrelsome more than anything else." (18.54)

### ফুটনোট

- [1] শাইখ আবু মুহাম্মাদ ইবনু আবি জামরাহ বলেন : এ হাদীসের মধ্যে শিক্ষণীয় হচ্ছে :
- ১. বিশেষ করে গাফেল নিকটাত্মীয় এবং সঙ্গী সাথীদেরকে স্মরণ করে দেয়ার বৈধতা।
- ২, যা অন্যের সাথে সংশ্লিষ্ট সেই ব্যাপারে কোন ব্যক্তির তার নিজের সাথে কথোপকথনের বৈধতা।
- ৩. আশ্চর্য হওয়ার সময় কোন ব্যক্তির তার নিজের কোন অঙ্গের উপর প্রহার করার বৈধতা। অনুরূপভাবে আফসোস বা পরিতাপের সময়ও তা বৈধ।
- ৪. আলী (রাঃ)'র ফাযীলাত। (ফাতহুল বারী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন